

## খোলা চিঠি

■ পুষ্পা দাস

বাবু,  
তোমায় খুঁজেছিলাম গা,  
সবাই তো পাগলি বলে  
ইট পাথর ছুঁড়ে মারে  
পথের ধারে জড় বস্ত্র  
দেখেও তো কেউ দেখে না গা।

তুমি আমায় দেখেছিলে  
রাত্রি তখন দুটো বাজে  
পাগলি বলে হেয়ো করোনি  
মেয়ে মানুষ শরীরটকে।

তবে তুমি কোথায় গেলে  
দিনের আলোয় লুকিয়ে গেলে  
বাবু তোমায় বলার ছিল  
পাগলি বলে যে ঘেন্না মেলে।  
শরীরের এই পরিবর্তনে সবাই কেন হাসে গা ?

বাবু, শুনেছি পুরুষ শরীরে জন্মবীজ  
শুনেছি পুরুষ নাকি দেয় জীবনী সুধা,  
ও বাবু...

তবে আমার শরীরে বিষ কেন গা ?